চাইলে তিনি বললেন, আমি তার নিকটবর্তী হব না, কেননা আমি তাঁকে উষ্ট্রীর যুদ্ধ ও সিফফীন ইত্যকার যুদ্ধসমূহে অংশগ্রহণকারী উভয় পক্ষ সম্পর্কে কিছু বলতে নিষেধ করলেও তিনি তা মানেননি বরং তাতে সম্পৃক্ত হয়ে গিয়েছিলেন।
আমি হাকীম ইবনু আফলাহকে ‘আয়িশাহ্ (রাঃ)-এর কাছে যাওয়ার জন্যে কসম দিলে তিনি আমার সাথে ‘আয়িশাহ্ (রাঃ)-এর কাছে গেলেন। আয়িশাহ্ (রাঃ) হাকীম-কে প্রশ্ন করলেন, তোমার সাথে এ কে? আমি বললাম, সা'দ ইবনু হিশাম (রাঃ)। তিনি প্রশ্ন করলেন, হিশাম কে? আমি বললাম ‘আমির-এর পুত্র। তিনি তাঁর প্রতি সহানুভূতিশীল হয়ে বললেন, ‘আমির বড় ভালো মানুষ ছিলেন। সা'দ ইবনু হিশাম (রাঃ) বললেন, হে উম্মুল মু'মিনীন! আপনি আমাকে রসূলুল্লাহ (সা.) -এর স্বভাব চরিত্র সম্পর্কে বলুন। তিনি বললেন, তুমি কুরআন তিলাওয়াত করো না? সা'দ (রহ.) বলেন, আমি বললাম, হ্যা! নিশ্চয় পাঠ করি। আয়িশাহ্ (রাঃ) বললেন, নবী (সা.) -এর স্বভাব-চরিত্র ছিল কুরআন। আমি যখন দাঁড়াতে মনস্থ করলাম তখন রসূলুল্লাহ (সা.) -এর দাঁড়ানোর (রাত্রে নফল সালাত আদায় করার কথা আমার মনে এসে গেল। তিনি বললেন, হে উম্মুল মু'মিনীন! আপনি আমাকে রসূলুল্লাহ (সা.) -এর রাতে নফল সালাত আদায় করা সম্পর্কে বলুন।
তিনি বললেন, তুমি “ইয়া- আইয়ুহাল মুযযাম্মিল” এ সূরাটি পাঠ করো না? আমি বললাম, হ্যা, নিশ্চয় পাঠ করি। তিনি বললেন, আল্লাহ তা'আলা তাহাজ্জুদকে এ সূরার প্রথমাংশে ফরয করেছিলেন, তখন নবী (সা.) এবং তার সাহাবীগণ এক বৎসর পর্যন্ত তাহাজ্জুদের সালাত আদায় করলেন, যাতে তাঁদের পা ফুলে গেল। এক বৎসর পরে আল্লাহ তা'আলা উক্ত সূরার শেষাংশে সহজীকৃত বিধান অবতীর্ণ করলেন। অতএব তাহাজ্জুদের সালাত ফরয হিসেবে অবতীর্ণ হওয়ার পর নফল হিসেবে অবশিষ্ট রয়ে গেল।

আমি ‘আয়িশাহ (রাঃ)-কে বললাম, হে উম্মুল মু'মিনীন! আপনি আমাকে রসূলুল্লাহ (সা.) -এর বিতর সম্পর্কে বলন। তিনি বললেন, আমরা তার জন্যে মিসওয়াক ও উযূর পানি তৈরি করে রাখতাম। রাতে যখন আল্লাহ তা'আলা তাকে জাগানোর ইচ্ছা করতেন তাকে জাগ্রত করে দিতেন। তিনি উঠে মিসওয়াক এবং উযু করতেন এবং আট রাক'আত সালাত আদায় করতেন। তাতে সালাম ফিরানোর জন্যে শুধু অষ্টম রাকআতেই বসতেন। বসে আল্লাহ তা'আলার যিকর এবং দু'আ করতেন। অতঃপর আমাদের শুনিয়ে সালাম ফিরাতেন। অতঃপর বসা অবস্থায় দু'রাক'আত সালাত আদায় করতেন। এরপর আবার এক রাক'আত সালাত আদায় করতেন। তাহলে হে প্রিয় বৎস! সর্বমোট এগারো রাকআত। যখন রসূলুল্লাহ (সা.)-এর বয়স বেড়ে গেল এবং শরীরের ওজন বৃদ্ধি পেয়ে গেল তিনি সাত রাকআত বিতরের সালাত আদায় করতেন। আর সালামের পর বসে থেকে দু' রাকআত সালাত আদায় করতেন। তা হলে হে প্রিয় বৎস! সর্বমোট নয় রাক’আত সালাত আদায় করা হত। আর রসূলুল্লাহ (সা.) যখন কোন সালাত আদায় করতেন, তা নিয়মিত আদায় করতে ভালোবাসতেন। আর যদি তাকে নিদ্রা অথবা কোন অসুখ বা ব্যথা বেদনা তাহাজ্জুদ হতে বিরত রাখত তাহলে তিনি দিনে বারো রাকআত সালাত আদায় করে নিতেন। আমি এটা জানি না যে, নবী (সা.) এক রাত্রে সম্পূর্ণ কুরআন মাজীদ পাঠ করেছেন। আর তিনি সকাল পর্যন্ত পুরো রাত্র তাহাজ্জুদের সালাতও আদায় করতেন না এবং রমযান ছাড়া পুরা মাস সিয়াম পালন করতেন না।

আমি ইবনু আব্বাস (রাঃ) -এর নিকট এসে ‘আয়িশাহ (রাঃ) এর হাদীস তাঁকে বর্ণনা করলে তিনি বললেন, 'আয়িশাহ (রাঃ) সত্যই বলেছেন। আমি যদি তাঁর নিকট কখনও যেতাম তাহলে এ হাদীসটা তাঁর মুখ হতে সরাসরি শুনতে পেতাম। আবূ আবদুর রহমান (নাসায়ী) বলেন, আমার কিতাবে এ রকমই রয়েছে কিন্তু আমি

